




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd



নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০৩৭.২২- ৫৪৬

তারিখ: ১২ আষাঢ় ১৪২৯
২৬ জুন ২০২২

প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব মো: মিজানুর রহমান মিতু, কাউন্সিলর, ০৯নং ওয়ার্ড, নজিপুর পৌরসভা, নওগাঁ ডিসেম্বর/২০২১ হতে এপ্রিল/২০২২ পর্যন্ত ০৫ মাস ধারাবাহিকভাবে পৌরসভার মাসিক সভায় অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, আপনি পৌর মেয়রের অফিস কক্ষে মেয়রকে শারিরিকভাবে লাঞ্চিত করেছেন এবং অফিসের স্বাভাবিক কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি করেছেন;

যেহেতু, আপনার বিরুদ্ধে সরকারিভাবে রোপিত ৪৮টি ইউক্যালিপটাস গাছ বিক্রি করার অভিযোগে পল্লীতলা থানায় দণ্ডবিধি ১৯৬০ এর ৪৪৭/৩৭৯ ধারায় মামলা দায়ের করা হয়েছে;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত উল্লিখিত অভিযোগসমূহ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, আপনার দ্বারা পৌরসভার কাউন্সিলর এর ক্ষমতা প্রয়োগ পৌরসভার জন্য তথা জনস্বার্থের পরিপন্থি এবং প্রশাসনিক দৃষ্টিকোণ থেকে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে; এবং

যেহেতু, আপনার এরূপ অপরাধ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) অনুসারে শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, আপনি জনাব মো: মিজানুর রহমান মিতু, কাউন্সিলর, ০৯নং ওয়ার্ড, নজিপুর পৌরসভা, নওগাঁকে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩২(১)(ক)(খ) ও (ঘ) মোতাবেক দোষী সাব্যস্ত করে একই আইনের ধারা ৩১(১) অনুযায়ী নওগাঁ জেলাধীন নজিপুর পৌরসভার কাউন্সিলর, ০৯নং ওয়ার্ড এর পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে তা কার্যকর হবে।

২৬/০৬/২০২২
(মো: আব্দুর রহমান)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০১৯.২১- ৫৪৬/১(৬)

তারিখ: ০৮ আষাঢ় ১৪২৯
২২ জুলাই ২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। যুগ্ম-সচিব (নঃউঃ-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, নওগাঁ।
- ০৪। উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। মেয়র, নজিপুর পৌরসভা, নওগাঁ।
- ০৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।
- ০৮। জনাব মো: মিজানুর রহমান মিতু, ০৯নং ওয়ার্ড কাউন্সিলর, নজিপুর পৌরসভা, নওগাঁ।

২৬/০৬/২০২২
(মো: আব্দুর রহমান)
উপ সচিব
ফোনঃ ৯৫১৪১৪২